




বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০।

www.btrc.gov.bd



প্রেস বিজ্ঞপ্তি

তাকায় অনুষ্ঠিত হচ্ছে দুইদিন ব্যাপী SATRC-এর পলিসি, রেগুলেশন ও সার্ভিসেস সংক্রান্ত ওয়ার্কিং গুপ সভা

ঢাকা, ২৬ মে ২০২২।

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর আয়োজনে এবং এশিয়া-প্যাসিফিক টেলিকমিউনিকেশন (APT) এর তত্ত্বাবধানে রাজধানী হোটেল ইন্টারকন্টিনেন্টালে ২৫-২৬ মে ২০২২ অনুষ্ঠিত হচ্ছে দক্ষিণ এশীয় টেলিযোগাযোগ নিয়ন্ত্রক সংস্থাসমূহের কাউন্সিল (South Asian Telecommunication Regulators' Council)-এর পলিসি, রেগুলেশন ও সার্ভিসেস সংক্রান্ত ওয়ার্কিং গুপের সভা। সভায় SATRC-এর সদস্য রাষ্ট্রসমূহের টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি খাত সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ পলিসি ও রেগুলেটরি সংক্রান্ত বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হবে। সভার উদ্বোধন করেন বিটিআরসি'র চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিটিআরসি'র ভাইস-চেয়ারম্যান জনাব সুরত রায় মেট্রি এবং সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগের মহাপরিচালক ব্রিগেড জেনারেল মোঃ নাসিম পারভেজ।

সভায় সদস্যভুক্ত রাষ্ট্রসমূহের মধ্য থেকে পাকিস্তান, শ্রীলঙ্কা, মালদ্বীপ ও নেপালের ২ জন এবং ভারত ও ইরান থেকে ১ জন করে প্রতিনিধি অংশগ্রহণ করেন। এছাড়া সভায় এফিলিয়েটেড সদস্যভুক্ত সংস্থা আজিয়াটা গুপ বারহাদ, টেলিন এশিয়া, বাংলালিংক ডিজিটাল কমিউনিকেশন্স লিমিটেড, গ্রামীণফোন লিঃ এবং রবি আজিয়াটা লিঃ এর প্রতিনিধিসহ মোট ৩৫ জন সদস্য অংশগ্রহণ করেন।

উদ্বোধনী বক্তব্যে বিটিআরসি'র চেয়ারম্যান পলিসি, রেগুলেশন ও সার্ভিসেস সংক্রান্ত ওয়ার্কিং গুপের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পন্ন করে তা SATRC এর কাউন্সিল সভায় উপস্থাপনের জন্য ওয়ার্কিং গুপের এক্সপার্টদের প্রতি আহ্বান জানান। ২০২১ সালের নভেম্বর মাসে অনুষ্ঠিত SATRC-এর ২২তম কাউন্সিল সভায় পলিসি, রেগুলেশন ও সার্ভিসেস সংক্রান্ত ওয়ার্কিং গুপের পর্যালোচনার জন্য মোট তিনটি বিষয় অনুমোদিত হয়েছে। যা হলো)১(Development of enabling policy and regulatory environments, in the context of SATRC, to embrace the new ecosystem brought by 5G (২) Telecom active infrastructure sharing (৩) Regulatory issues related to OTT services and applications.

উদ্বোধনী অনুষ্ঠানে ওয়ার্কিং গুপের চেয়ারম্যান ও পাকিস্তান টেলিকমিউনিকেশন অথরিটির মহাপরিচালক জনাব মুদাসার নাভিদ, বাংলাদেশে এই সভা আয়োজনের জন্য বিটিআরসি'কে ধন্যবাদ জানান। সভায় আরো বক্তব্য রাখেন এশিয়া-প্যাসিফিক টেলিকমিউনিটি (এপিটি)-এর প্রোগ্রাম কোর্ডিনেটর জনাব তোহিদ হোসেন। উল্লেখ্য যে, গত ১-৩ নভেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত SATRC-এর ২২তম সভায় ২০২৩ সালের জন্য বিটিআরসি'র চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার দক্ষিণ এশীয় টেলিযোগাযোগ নিয়ন্ত্রক কাউন্সিলের চেয়ারম্যান নির্বাচিত হন।

প্রাপক (সদয় কার্যার্থে):

১। উপ-মহাপরিচালক (বার্তা)

বাংলাদেশ টেলিভিশন এবং

অনুরোধক্রমে

২৬/০৫/২০২২

মো: জাকির হোসেন খান

উপ-পরিচালক

(মিডিয়া কমিউ: এন্ড পাব: উই)

বিটিআরসি।

যোগাযোগঃ ০১৫৫২০১৮৪০

Email: zakirkhan@btrc.gov.bd

বিতরণ (সদয় অবগতির জন্য):

১। সচিব, বিটিআরসি।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।

৩। ভাইস-চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য),

বিটিআরসি।

৪। অফিস কপি।